



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ  
ভূঞাপুর, টাঙ্গাইল।

কলেজ কোড : ৪৮৭৫  
বিএমটি কোড : ৫৪০৪৪  
জা.বি : ৫৩২০  
EIIN : 114064

www : ibrahimkhangovcollege.edu.bd, মোবাইল ফোন নম্বর : ০১৭৯৮ ৫৪৭৪৩৩

তারিখ : ২রা চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
১৬ই মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

### উপবৃত্তির জন্য আবেদন বিজ্ঞপ্তি

ইব্রাহীম খাঁ সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ (বিএমটি) শ্রেণিতে ভর্তিকৃত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩'-এর আলোকে নতুন শিক্ষার্থীদের তথ্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। কলেজ-ওয়েব সাইট ([www.ibrahimkhangovcollege.edu.bd](http://www.ibrahimkhangovcollege.edu.bd))-এ উপবৃত্তির জন্য তথ্য-ছক (আবেদন ফরম) পাওয়া যাবে।


ইচ্ছুক একাদশ (বিএমটি) শ্রেণির (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে) দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আবেদন ফরম সংগ্রহ এবং সঠিকভাবে পূরণ করে নিম্ন-বর্ণিত তথ্যাদিসহ আগামী ২০/৩/২০২৫ তারিখের মধ্যে অবশ্যই (বিএমটি) শাখায় জমাদানের জন্য বলা হলো। শিক্ষার্থী কোনো অসত্য তথ্য প্রদান করলে আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে।

#### প্রয়োজনীয় তথ্যাদি :

- সঠিকভাবে পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম ;
- শিক্ষার্থীর জন্মানিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বেধ মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর;
- প্রথম শ্রেণির গেজেটেড অফিসার/পৌরসভা/ইউনিয়ন পরিষদের মেয়র/চেয়ারম্যান/কমিশনার/সদস্য কর্তৃক পিতা/মাতা/অভিভাবকের মাসিক আয়ের প্রত্যয়নপত্র।

#### নির্দেশাবলি :

- একই মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;

  
অধ্যক্ষ

ইব্রাহীম খাঁ সরকারি কলেজ  
ভূঞাপুর, টাঙ্গাইল।

e-mail : [ikgc1948@gmail.com](mailto:ikgc1948@gmail.com)

#### বিতরণ:

- সম্পাদক, শিক্ষক পরিষদ, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ ;
- বিভাগীয় প্রধান, ..... বিভাগ, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ ;
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ; (কলেজ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- প্রধান সহকারী, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ;
- হিসাব রক্ষক, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ;
- নোটিশ বোর্ড;
- সংরক্ষণ নথি।